



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
কাপাসিয়া, গাজীপুর।



স্মারক নং-৪৭.৬২.৩৩.৩৬.০০০.০০০.১৮.০০৮০.২৬.৬০৪

তারিখ: ২৯-০৯-২০২৬ খ্রি.

ব্যাবস্থাপক
সোলালী ব্যাংক পিএলসি,
কাপাসিয়া শাখা, গাজীপুর।

বিষয়: সিসি ঋণের (স্বল্পমেয়াদী শস্য ঋণ) সুদ মওকুফের জন্য প্রস্তাব প্রেরণ।

স্মারক নং-১) বাংলাদেশ ব্যাংক, বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-২৩ তারিখ: ২৯/০৬/২৬ খ্রি.

২) সোলালী ব্যাংক পিএলসি-সুদ মওকুফ/৪৪৭ তারিখ: ৩০/০৬/২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও কার্যার্থের নিমিত্তে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কাপাসিয়া ইউসিসিএলি. শস্য ঋণের সিসি হিসাব নং ০২১০৫৬৩০০০০০২ এর নামে সোলালী ব্যাংক পিএলসি, কাপাসিয়া শাখা হতে ৩১/০৫/২০১৬ তারিখে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা ঋণ গ্রহণ করে সমবায়ী সদস্যদের মাঝে বিতরণ করা হয়। উক্ত টাকা খেলাপী হওয়ার পর এ পর্যন্ত সুদাসলে = ৪২৭৮৪৫.৬৭ /- (চার লক্ষ সাতাশ হাজার আটশত পয়তাল্লিশ টাকা সাতষট্টি পয়সা) পরিশোধ করার পর = ৩,৩৭,২২০.৭৪/- (তিন লক্ষ সাতত্ৰিশ হাজার দুইশত বিশ টাকা চুয়াত্তর পয়সা) টাকা আসল বকেয়া রয়েছে। আগামী ডিসেম্বর/২০২৬ তারিখের মধ্যে আসল = ৩,৩৭,২২০.৭৪/- টাকা পরিশোধপূর্বক আরোপিত সুদসহ সকল সুদ মওকুফের আবেদন জানাচ্ছে। সরকারি ঋণের খেলাপী হ্রাসে সুদ মওকুফ সুবিধা প্রদানে মহোদয়ের সুমর্জি কামনা করছি।

সংযুক্তি: ০১) সিসি হিসাব নং-০২১০৫৬৩০০০০০২

০২) সুদ মওকুফ এর সার্কুলার-০১ কপি।


দিলারা আক্তার ফকির
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
কাপাসিয়া, গাজীপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১) উপপরিচালক, বিআরডিবি, গাজীপুর।
- ০২) সভাপতি, কাপাসিয়া ইউসিসিএ লি. গাজীপুর।
- ০৩) অফিস নথি।



স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৫২৩.৯৯.০০০২.২৩.১

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩
০৯ আগস্ট ২০২৬

বিষয়: সোনালী ব্যাংকের সুদ মওকুফ (বিশেষ এক্সিট) সুবিধা বিআরডিবি'র সুফলভোগীদের জন্য বাস্তবায়ন প্রসঙ্গে।

সোনালী ব্যাংকের স্মারক নং-প্রকা/ক্রেডিট-মার্কেটিং/কৃষি ঋণ/সুদ মওকুফ/৪৪৭, তারিখ: ৩০ জুন, ২০২৪ মূলে বিআরডিবি'র সুফলভোগীদের জন্য সুদ মওকুফ (বিশেষ এক্সিট) সুবিধা প্রদান সম্বলিত পত্রটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অগ্রায়ন করা হলো।

বর্ণিত সুবিধা আগামী ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত কার্যকর থাকবে বিধায় সোনালী ব্যাংকের আওতায় গৃহীত ইউসিসিএ'র সকল শ্রেণিকৃত খেলাপি ঋণ (আসল) অবিলম্বে আদায়পূর্বক নির্দেশনা মোতাবেক পরিশোধের জন্য পরামর্শ প্রদান করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

সংযুক্তিসমূহ:

- (১) বাংলাদেশ ব্যাংক সার্কুলার June292026brpd-1123
- (২) সোনালী ব্যাংক পত্র নং ৪৪৭



০৯-০৮-২০২৬
ফারুক আহমেদ জোয়ার্দার
যুগ্মপরিচালক (সিসিএম)
ফোন : +৮৮০২৫৫০১১৭৩১

বিতরণ:

- ১। বিভাগীয় যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি।
- ২। উপপরিচালক (সকল জেলা), বিআরডিবি।
- ৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল)।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৫২৩.৯৯.০০০২.২৩.১/১ (৩)

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩
০৯ আগস্ট ২০২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। পরিচালক, সরেজমিন বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।
- ২। ডেপুটি জেনারেল ম্যানেজার, রুরাল ক্রেডিট ডিভিশন, সোনালী ব্যাংক পিএলসি, ঢাকা।
- ৩। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।



সোনালী ব্যাংক পিএলসি

বিস্তৃত ও স্মার্ট

মাইক্রো/রুজিড মাইক্রো/কৃষি ঋণ/সুদ মওকুফ ৪৪৭

তারিখ: ৩০ জুন, ২০২৬ খ্রি.

জেন. মাল ম্যানেজার

সোনালী ব্যাংক পিএলসি

সরকারি জেনারেল ম্যানেজার'স অফিস

জেনারেল অফিস, ঢাকা ক্যান্টনমেন্ট শাখা

শহীদ আবু বারকাত মুহাম্মদ এজিতু শাখা,

বাংলাদেশ।

বিষয়: কৃষি, পল্লী ও মাইক্রোজিউটি (বিআরডিবি ইউসিসিএ ও স্বনির্ভর ঋণসহ) ঋণের সুদ মওকুফ (বিশেষ এক্সিট) সুবিধা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি-১ সাকুলার লেটার নং-২৩, তারিখ: ২৯ জুন, ২০২৬ এর নির্দেশনা অনুসরণ প্রসঙ্গে।

শ্রদ্ধা,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি-১ সাকুলার লেটার নং-২৩, তারিখ: ২৯ জুন, ২০২৬ এর প্রতি আপনারের নকশি প্রাপ্ত করা হলো (কপি সংযুক্ত)।

২০০. উল্লিখিত সাকুলার লেটার এর মতে সুদ মওকুফ (বিশেষ এক্সিট) সুবিধা প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণের জন্য বলা হয়েছে:

ক) বিশেষ এক্সিট সুবিধার আওতাধীন ঋণগ্রহীতাকে সমুদয় দায় এককালীন পরিশোধ করতে হবে;

খ) বিআরপিডি সাকুলার নং-০৬, তারিখ: ২১ এপ্রিল, ২০২২ এর ২(৬) তে বর্ণিত তহবিল ব্যয় আদায় নিশ্চিতকরণ সংক্রান্ত শর্তটি এবং বিআরপিডি সাকুলার লেটার নং-১৮, তারিখ: ২৪ মে, ২০২২ এর ২(গ) তে বর্ণিত রাষ্ট্র মালিকানাধীন বানিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকের আয় খাত বিকলন করে সুদ মওকুফ করা যাবে না মর্মে আরোপিত শর্তটি শিথিল থাকবে;

গ) মন্দ বা ক্ষতিজনক মানে শ্রেণিকৃত ঋণসমূহ, যা ৬ আগস্ট ২০২৪ থেকে ৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত সময়ে কুলাতকিসিল করা হয়েছে, উক্ত ঋণসমূহও এ সাকুলারের আওতায় বিশেষ এক্সিট সুবিধা প্রাপ্য হবে;

৩. বিশেষ এক্সিট প্রদানের ক্ষেত্রে বিআরপিডি-১ সাকুলার লেটারের ২(গ) মোফাঈ কৃষি ঋণ ও সিএমএসএমই খাতের কটীজ, মাইক্রো ও স্মল ঋণসমূহকে অগ্রাধিকার প্রদান করতে হবে;

৩০০. উল্লিখিত নির্দেশনাসমত ৩১ ডিসেম্বর, ২০২৬ তারিখ পর্যন্ত কার্যকর থাকবে।

৪০০. এমতাবস্থায়, কৃষি, পল্লী ও মাইক্রোজিউটি (বিআরডিবি ইউসিসিএ ও স্বনির্ভর ঋণসহ) ঋণের সুদ মওকুফ (বিশেষ এক্সিট) সুবিধা প্রদানের ক্ষেত্রে শিথিলকৃত উল্লিখিত নির্দেশনাবলী অনুসরণসহ বিআরপিডি সাকুলার নং-০৬, তারিখ: ২১ এপ্রিল, ২০২২, প্রধান কার্যালয়, সাকুলার নং-৭৬, তারিখ: ৩০ অক্টোবর, ২০২২ এর অন্যান্য নির্দেশনাবলী পরিপালন করার জন্য আপনারের নকশা প্রদান করা হলো।

৫০০. উল্লেখ্য, রাষ্ট্র মালিকানাধীন বানিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকের আয় খাত বিকলন করে সুদ মওকুফ করা যাবে না মর্মে আরোপিত শর্তটি শিথিল করায় ৩১ ডিসেম্বর, ২০২৬ তারিখ পর্যন্ত এ ব্যাংকের প্রধান কার্যালয়ের প্রতিশ্রুতি হিসাব ভেটিং করে সুদ মওকুফ করার সুযোগ রয়েছে।

আপনারের বিশ্বস্ত,



(সিদ্দিক হোসেন)

জেনারেল ম্যানেজার

সংযুক্তি: বর্ণন মোতাবেক।



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-২৩

২৯ জুন ২০২৬

তারিখ: -----

১৫ আষাঢ় ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

অনাদায়ী ঋণ আদায়/সমন্বয়ে বিশেষ এক্সিট সংক্রান্ত নীতিমালা

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৩, তারিখ: ০৮ জুলাই ২০২৪ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-০৫, তারিখ: ১০ মার্চ ২০২৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। কর্মসংস্থান সৃষ্টি এবং টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে উৎপাদনশীল খাতে ঋণপ্রবাহ বৃদ্ধি অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমানে দেশের ব্যাংকিং খাতে খেলাপী ঋণের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাওয়ায় ব্যাংকসমূহের সম্পদের গুণগত মান, তারল্য ব্যবস্থাপনা এবং নতুন ঋণ প্রদানের সক্ষমতা বিকল্পভাবে প্রভাবিত হচ্ছে বিধায় ব্যাংকিং খাতের খেলাপী ঋণ হ্রাসকরণ অত্যাবশ্যক। এ প্রেক্ষাপটে, বিভিন্ন কারণে আর্থিক সংকটে পতিত হলেও ব্যবসা পরিচালনার সক্ষমতা ও ঋণ পরিশোধের আন্তরিকতা রয়েছে এমন ঋণগ্রহীতাদের এককালীন বিশেষ এক্সিট সুবিধা প্রদান করা হলে একদিকে যেমন ব্যাংকসমূহের খেলাপী ঋণের পরিমাণ হ্রাস পাবে অন্যদিকে ব্যাংকসমূহের নতুন ঋণ প্রদানের সক্ষমতা বৃদ্ধি পাবে, যা উৎপাদন, বিনিয়োগ ও কর্মসংস্থান সৃষ্টিতে ইতিবাচক ভূমিকা রাখবে।
- ৩। বর্ধিত প্রেক্ষাপটে, ব্যাংকসমূহের খেলাপী ঋণ আদায়ের নিমিত্ত ৩০ জুন ২০২৬ ভিত্তি তারিখে মন্দ ও ক্ষতিজনক মানে শ্রেণিকৃত ঋণসমূহকে ব্যাংকের পরিচালনা পর্যদের অনুমোদন সাপেক্ষে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে বিশেষ এক্সিট প্রদান করা যাবে। এ সুবিধা প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণীয় হবে:
 - ক) বিশেষ এক্সিট সুবিধার আওতায় ঋণগ্রহীতাকে সমুদয় দায় এককালীন পরিশোধ করতে হবে;
 - খ) এ সুবিধার আওতায় ঋণগ্রহীতাগণের সকল আরোপিত ও অনারোপিত সুদ মওকুফের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৬, তারিখ: ২১ এপ্রিল ২০২২ এর ২(ঙ) তে বর্ণিত তহবিল ব্যয় আদায় নিশ্চিতকরণ সংক্রান্ত শর্তটি এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮, তারিখ: ২৪ মে ২০২২ এর ২(গ) তে বর্ণিত রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকের আয় খাত বিকলন করে সুদ মওকুফ করা যাবে না মর্মে আরোপিত শর্তটি শিথিল থাকবে;
 - গ) মন্দ বা ক্ষতিজনক মানে শ্রেণিকৃত ঋণসমূহ, যা ৬ আগস্ট ২০২৪ থেকে ৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত সময়ে পুনঃতফসিল করা হয়েছে, উক্ত ঋণসমূহ ও এ সার্কুলারের আওতায় বিশেষ এক্সিট সুবিধা প্রাপ্য হবে;
 - ঘ) বিশেষ এক্সিট প্রদানের ক্ষেত্রে কৃষি খাতের স্বল্প মেয়াদী কৃষি ঋণ ও সিএমএসএমই খাতের কটেজ, মাইক্রো ও স্মল ঋণসমূহকে অগ্রাধিকার প্রদান করতে হবে।
- ৪। এ সার্কুলারে বর্ণিত বিশেষ এক্সিটের বিষয়ে ঋণগ্রহীতাদের অবহিতকরণের নিমিত্ত ব্যাংক কর্তৃক পত্র প্রেরণসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৫। এ সার্কুলারের নির্দেশনাসমূহ ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত কার্যকর থাকবে।
- ৬। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ও ৪৯(১)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)

পরিচালক (বিআরপিডি-১)

ফোন: ৯৫৩০২৫২